গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

...

সভাপতি	জান্নাতুল ফেরদৌস উপ-পরিচালক
সভার তারিখ	০২ সেপ্টেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১০.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, ৬/৭ টি শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকার এন্ট্রির কাজ সমাপ্ত হয়েছে। সভাপতি উপবৃত্তির ডাটা এন্ট্রির কাজ সমাপ্ত হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ০৫/০৮/২০১৯ খ্রি: তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের প্রোগ্রামার বলেন ৩০২৪ (তিন হাজার চব্বিশ) টি প্রতিষ্ঠানের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ২ লক্ষ ২১ হাজার ১৩৬ জন শিক্ষার্থীর নামের তালিকা এন্ট্রির কাজ শেষ হয়েছে। শিক্ষার্থীদের নামের তালিকা ক্রস চেক করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ০৫/০৯/২০১৯ তারিখের মধ্যে ক্রস চেকের কাজ সমাপ্ত করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
২.	সেপ্টেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের সভার তারিখ নির্ধারণ করতে পারেন। এ কারণে দ্রুত উপদেষ্টা পরিষদের সভার কার্যপত্র প্রস্তুতের বিষয়ে আলোচনা হয়। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জানান, উপদেষ্টা পরিষদের কার্যপত্র প্রস্তুতের কাজ শুরু হয়েছে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) উপদেষ্টা পরিষদের কার্যপত্র প্রস্তুতের কাজ সম্পন্ন করবেন।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

৩.	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদানপ্রাপ্তদের প্রাপ্তি স্বীকার পত্র ডাকযোগে ট্রাস্ট অফিসে প্রেরণ করা হয়। এ কারণে যথা সময়ে ট্রাস্ট অফিসে পৌছাতে বিলম্ব হয় এবং অনেক সময় পৌছায় না। প্রায়শই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফোন করে প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণের জন্য তাগিদ দিতে হয়। এ অবস্থা নিরসনের জন্য ওয়েবসাইটে একটি বক্স খোলার বিষয়ে আলোচনা হয় যেখানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সরাসরি প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ করতে পারবে।	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদানপ্রাপ্তদের প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণের জন্য ওয়েবসাইটে একটি বক্স খোলার সিদ্ধান্ত গ্রহীত হয়।	প্রোগ্রামার
৪.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠন এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অনুরূপ ০৩ (তিন) টি প্রতিষ্ঠানের পেনশন পলিসি দেখে একটি পেনশন পরিকল্প প্রস্তুত এবং সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদ এর সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠন এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অনুরূপ কয়েকটি প্রতিষ্ঠানের পেনশন পলিসি দেখে একটি পেনশন পরিকল্প প্রস্তুত করে সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রার্স্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদের সভায় উপস্থাপন করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৫.	ট্রাস্টের নবীন কর্মকর্তা/কর্মচারীগনের ই-নথি বিষয়ে প্রশিক্ষণ না থাকায় দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটে। সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন ই-নথি কার্যক্রমের উপর একটি প্রশিক্ষণ আয়োজনের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন।	আগামী ১১/০৯/২০১৯ এবং ১২/০৯/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে ই-নথির উপর ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

জান্নাতুল ফেরদৌস
উপ-পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৯৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬
০৩ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক